# বার্ষিক প্রতিবেদন

২০২১-২০২২

বিভাগীয় সমবায় কার্যালয়
ঢাকা।



**আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমূখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ন ভুমিকা পালন করতে হবে।**

-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বিভাগীয় সমবায় কার্যালয়
ঢাকা



**এটা পরীক্ষিত যে**
**বহুমুখী গ্রাম সমবায় আমরা যদি গড়ে তুলতে পারি,**
**বাংলাদেশে কোন দারিদ্র্য থাকবে না ।**

-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বিভাগীয় সমবায় কার্যালয়
ঢাকা।

# উপদেষ্টা

মো: রিয়াজুল কবীর
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, ঢাকা।

# সম্পাদক পরিষদ

১। জনাব মুহাম্মদ মিজানুর রহমান
উপ-নিবন্ধক ( অডিট, আইন ও সমিতি)
২। জনাব মোছাঃ নূর-ই-জান্নাত
উপ-নিবন্ধক (প্রশাসন)

# সংকলন

১। জনাব ফারহানা পারভীন
জেলা অডিটর
২। জনাব লুনা শারমীন
জেলা অডিটর
৩। জনাব আবুল কালাম আজাদ
পরিদর্শক
৪। জনাব মোঃ শাকিলুজ্জমান
পরিদর্শক
৫। জনাব মুহাম্মদ জয়নাল আবেদীন
পরিদর্শক
৬। জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন
পরিদর্শক
৭। জনাব মোহাম্মদ আমিনুল ইসলাম
পরিদর্শক
৮। জনাব হ্যান্ডি চাকমা
পরিদর্শক
৯। জনাব দিলরুবা ইয়াসমীন
পরিদর্শক
১০। জনাব লিপি রানী শীল
উচ্চমান সহকারী

# প্রকাশনায়

বিভাগীয় সমবায় কার্যালয়,ঢাকা
সমবায় ভবন, আগারগাঁও সিভিক সেক্টর (৩য় তলা)
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.coopdhaka.div.gov.bd

# মুখবন্ধ


সমবায় অধিদপ্তরের কার্যক্রমে বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা সর্বদাই গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। ১১৮বৎসরের ঐতিহ্যবাহী সরকারী প্রতিষ্ঠান হিসেবে সমবায় অধিদপ্তর যেমন জনগণের সেবায় নিয়োজিত রয়েছে, সেই সেবাকে ঢাকা বিভাগের আওতাধীন জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার দূরন্ত প্রত্যয় নিয়ে বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্রমুক্ত একটি স্বাধীন দেশের। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সেই স্বপ্নকে বাস্তবায়নের লক্ষ্যে সমবায় অধিদপ্তরের কার্যক্রমের উপর বিভিন্ন সময়েই গুরুত্ব আরোপ করে ব্যাপক ও সুস্পষ্ট দিক নির্দেশনা প্রদান করেন। তার 'রূপকল্প ২০২১' ও 'রূপকল্প ২০৪১" বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা অঙ্গীকারাবদ্ধ। দেশের মানুষের আর্থ-সামাজিক নিরাপত্তা, নারীর ক্ষমতায়ন, মাদক নির্মূল, সন্ত্রাস ও নৈরাজ্যমুক্ত সমাজ বিনির্মানে ঢাকা বিভাগের সমবায় সমিতিগুলো ব্যাপক ভূমিকা পালন করে আসছে। বিশ্বব্যাপী কোভিট-১৯ এর প্রাদুর্ভাবে বাংলাদেশ যখন বিবর্ণ প্রায়, শ্রমজীবী মানুষেরা যখন কর্মহীন হয়ে ক্ষুধার জ্বালায় কাতর এমন অবস্থায়ও সরকারের পাশাপাশি ঢাকা বিভাগের ১২১৫ টি সমবায় সমিতি কর্মহীন দরিদ্র মানুষকে খাদ্য সামগ্রী বিতরণ, নগদ অর্থ সহায়তা প্রদান করে ভীত-পীড়িত মানুষের পাশে দাঁড়িয়েছে। জাতির পিতার আদর্শ ও স্বপ্নকে সার্থক করবার জন্য সমবায় সমিতি গুলোর দ্ব্যর্থহীন উচ্চারণ ছিল " সকলের তরে সকলে মোরা, প্রত্যেকে আমরা পরের তরে।"

লোক বলের অপ্রতুলতা, কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন সমস্যা ও সীমাবদ্ধতা, কোভিট-১৯ এর প্রাদুর্ভাবের কারণে মৃত্য ঝুঁকি থাকা সত্বেও নিয়মিত নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। যে কারণে ঢাকা বিভাগের কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতি হতে অডিট ফি বাবদ ধার্যকৃত ৮১,৭৫,৩১৫/- টাকার মধ্যে ৭০,৫২,৫২৪/- টাকা, নিবন্ধন ফি ২,৮২,৭৫০/- টাকা, নিবন্ধন ফি'র ভ্যাট ৪২,৪১৩/- টাকা আদায় করে সর্বমোট ৩,২৫,১৬৩/-সরকারী কোষাগারে জমা প্রদান করতে পেরেছি। বিভাগের আওতাধীন প্রান্তিক জনগোষ্ঠীর প্রায় ২৬০৭ জন নারীকে বিভিন্ন প্রকল্পের আওতায় ঋণ প্রদান, বৃত্তিমূলক প্রশিক্ষণ ও সমবায় সমিতি হতে ঋণ বিতরণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে। এছাড়া সমবায় সমিতির মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নকল্পে ৩৯৫৪২৮ জন সমবায়ীকে স্ব-কর্মসংস্থান সৃষ্টিতে প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা পালন করা হয়েছে। ঢাকা বিভাগের ১৩ টি জেলায় মোট ৮৯৪ পদের বিপরীতে ৭৭৯ জন জনবল নিয়ে কাজ করতে সমস্যা হওয়া সত্বেও কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্বের প্রতি শ্রদ্ধাবোধ, কর্তব্যকাজে সোৎসাহ উদ্দীপনা আর সর্বোপরী নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সঠিক দিক-নির্দেশনা এবং আন্তরিক ও উদার সহযোগী মনোভাবের কারণে আমার পক্ষে এই কঠিন সময়েও দায়িত্বপালন করা সম্ভব হয়েছে। সমবায় বিভাগের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও ঐতিহ্যবাহী অঙ্গ প্রতিষ্ঠান বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা হতে গৃহীত ও বাস্তবায়িত কার্যক্রমের উপর প্রতি বছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতা সমুজ্জ্বল রাখবার দৃঢ় প্রত্যয়ে "বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২" প্রকাশ করতে পেরে আমি আনন্দিত ও গর্ববোধ করছি।

বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রকাশে তথ্য সংগ্রহ, তথ্য প্রদান, তথ্য প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীকে সার্বিক সহযোগিতা করার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

মো: রিয়াজুল কবীর
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক
ঢাকা।

# বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা এর প্রশাসনিক কাঠামোঃ




ঢাকা বিভাগীয় সমবায় কার্যালয়ের জনবল সংক্রান্ত তথ্য

| ক্রঃনং | পদের শ্রেণী | মঞ্জুরীকৃত পদ |
|---|---|---|
| ১. | প্রথম শ্রেণী | ০৭ |
| ২. | তৃতীয় শ্রেণী | ২৭ |
| ৩. | চতুর্থ শ্রেণী | ২২ |
| মোট | | ৫৬ |

# ঢাকা বিভাগ, ঢাকা এর সংক্ষিপ্ত তথ্য

| | | |
|---|---|---|
| জেলা সমবায় কার্যালয় | = | ১৩টি। |
| উপজেলা/ মেট্রো: থানা সমবায় কার্যালয় | = | ৯৪ টি। |
| আঞ্চলিক সমবায় শিক্ষায়ন | = | ০২ টি। |
| মোট মঞ্জুরীকৃত জনবল | | |
| ক) ১ম শ্রেণী | = | ২৪ জন |
| খ) ২য় শ্রেণী | = | ১০৮ জন |
| গ) ৩য় শ্রেণী | = | ৫৪২ জন |
| ঘ) ৪র্থ শ্রেণী | = | ২২০ জন |
| মোট | = | ৮৯৪ জন্য |

# বিভাগীয় সমবায় কার্যালয়,ঢাকা এর জনবল সংক্রান্ত তথ্য

| ক্র: নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদ | বর্তমানে কর্মরত | শূণ্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | যুগ্ম-নিবন্ধক | ০১ | ০১ | - | |
| ২. | উপ-নিবন্ধক | ০৩ | ০২ | ০১ | |
| ৩. | সহকারী নিবন্ধক | ০৩ | ০১ | ০৩ | |
| ৪. | জেলা অডিটর | ০২ | ০২ | - | |
| ৫. | পরিদর্শক | ০৮ | ০৮ | - | |
| ৬. | মহিলা পরিদর্শক | ০২ | ০২ | - | |
| ৭. | মহিলা সহকারী পরিদর্শক | ০২ | ০২ | - | |
| ৮. | ষাঁট মুদ্রাক্ষরিক | ০১ | ০১ | - | |
| ৯. | প্রধান সহকারী | ০১ | ০১ | - | |
| ১০. | উচ্চমান সহকারী | ০২ | ০২ | - | |
| ১১. | হিসাব রক্ষক | ০১ | ০১ | - | |
| ১২. | অফিস সহকারী বনাম মুদ্রাক্ষরিক | ০৪ | ০২ | ০২ | |
| ১৩. | চলচিত্র চালক | ০১ | ০১ | - | |
| ১৪. | সহকারী চলচিত্র চালক | ০১ | - | ০১ | |
| ১৫. | ড্রাইভার | ০১ | ০১ | - | |
| ১৬. | ফ্লিম ভ্যান চালক | ০১ | ০১ | - | |
| ১৭. | অফিস সহায়ক | ২১ | ১৬ | ০৫ | |
| ১৮. | নৈশ প্রহরী | ০১ | ০১ | - | |
| মোট = | | ৫৬ | ৪৪ | ১২ | |

## বিভাগীয় সমবায় কার্যালয়,ঢাকা সহ জেলা, উপজেলা/মেট্রোঃ থানা ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তন সমূহের জনবল সহ শূন্য পদের তালিকাঃ

| ক্র: নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | | | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদোন্নতি প্রাপ্ত | সরাসরি নিয়োগ | মোট কর্মরত | | |
| **প্রথম শ্রেণী** | | | | | | | |
| ১ | যুগ্ম-নিবন্ধক | ১ | ১ | ০ | ১ | ০ | |
| ২ | উপ-নিবন্ধক | ৫ | ৪ | ০ | ৪ | ১ | |
| ৩ | সহকারী নিবন্ধক | ৩ | ০ | ০ | ০ | ৩ | |
| ৪ | জেলা সমবায় অফিসার | ১৩ | ৩ | ৯ | ১২ | ১ | |
| ৫ | উপধ্যক্ষ | ২ | ২ | ০ | ২ | ০ | |
| | **মোট =** | **২৪** | **১০** | **৯** | **১৯** | **০৫** | |
| **দ্বিতীয় শ্রেণী** | | | | | | | |
| ১ | উপ-সহকারী নিবন্ধক | ১৩ | ১২ | ০ | ১২ | ১ | |
| ২ | উপজেলা সমবায় অফিসার | ৯৪ | ৯৩ | ০ | ৯৩ | ১ | |
| ৩ | প্রশাসনিক কর্মকর্তা | ১ | ১ | ০ | ১ | ০ | |
| | **মোট =** | **১০৮** | **১০৬** | **০** | **১০৬** | **২** | |
| **তৃতীয় শ্রেণী** | | | | | | | |
| ১ | জেলা অডিটর | ১৩ | ১৩ | ০ | ১৩ | ০ | |
| ২ | সরেজমিনে তদমন্তকারী | ১৩ | ০ | ৮ | ০৮ | ৫ | |
| ৩ | পরিদর্শক | ১১২ | ৪৫ | ৫৬ | ১০১ | ১১ | |
| ৪ | মহিলা পরিদর্শক | ২ | ০ | ২ | ২ | ০ | |
| ৫ | প্রশিক্ষক | ১৫ | ৪ | ৬ | ১০ | ৫ | |
| ৬ | সহকারী প্রোগ্রামার | ১ | ০ | ০ | ০ | ১ | |
| ৭ | সহকারী পরিদর্শক | ১৮৫ | ৬৫ | ১১০ | ১৭৫ | ১০ | |
| ৮ | মহিলা সহকারী পরিদর্শক | ২ | ১ | ১ | ২ | ০ | |
| ৯ | সহকারী প্রশিক্ষক | ১৩ | ৩ | ৪ | ৭ | ৬ | |
| ১০ | তাঁত বিশেষজ্ঞ | ৪ | ৪ | ০ | ৪ | ০ | |
| ১১ | তাঁত তত্ত্বাবধায়ক | ৯ | ৩ | ২ | ৫ | ৪ | |
| ১২ | বয়ান তদন্তকারী | ১ | ০ | ০ | ০ | ১ | |
| ১৩ | প্রধান সহকারী | ৫ | ৫ | ০ | ৫ | ০ | |
| ১৪ | উচ্চমান সহকারী | ১২ | ১০ | ০ | ১০ | ২ | |
| ১৫ | কম্পিউটার অপারেটর | ১ | ০ | ০ | ০ | ১ | |
| ১৬ | ষাঁট মুদ্রাক্ষরিক | ১ | ০ | ১ | ১ | ০ | |
| ১৭ | হিসাব রক্ষক | ১৫ | ১২ | ০ | ১২ | ৩ | |
| ১৮ | ক্যাশিয়ার | ১৩ | ০ | ৮ | ৮ | ৫ | |
| ১৯ | অফিস সহকারী বনাম মুদ্রাক্ষরিক | ১১৭ | ১৬ | ৪৭ | ৬৩ | ৫৪ | |
| ২০ | ড্রাইভার | ৯ | ০ | ৭ | ৭ | ২ | |
| ২১ | ষ্ক্রীম ভ্যান চালক | ১ | ০ | ১ | ১ | ০ | |
| ২২ | চলচিত্র চালক | ১ | ১ | ০ | ১ | ০ | |
| | **মোট =** | **৫৪৫** | **১৮২** | **২৫৩** | **৪৩৫** | ১১০ | |
| **চতুর্থ শ্রেণী** | | | | | | | |
| ১ | সহকারী চলচিত্র চালক | ১ | ০ | ০ | ০ | ১ | |
| ২ | ক্যাশ সরকার | ১৩ | ১৩ | ০ | ১৩ | ০ | |
| ৩ | অফিস সহায়ক | ১৮৬ | ০ | ১৬৮ | ১৬৮ | ১৮ | |
| ৪ | নিরাপত্তা প্রহরী | ১৪ | ০ | ১৩ | ১৩ | ১ | |
| ৫ | পাচক | ১ | ০ | ০ | ০ | ১ | |
| ৬ | মেটস | ১ | ০ | ০ | ০ | ১ | |
| ৭ | ইলেকট্রিশিয়ান,অফিস সহায়ক, নিরাপত্তা পহরী, কুক, সহকারী কুক, ম্যাট পাম্প অপারেটর, ঝাড়ুদার | ১২ | ০ | ০ | ০ | ১২ | |
| | **মোট =** | **২২৮** | **১৩** | **১৮১** | **১৯৪** | ৩৪ | |
| | **সর্বমোট =** | ৯০৫ | ৩১১ | ৪৪৩ | ৭৫৪ | ১৫১ | |

# বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা

# সিটিজেন চার্টার

## সমবায়ী/সমবায় সমিতি সমূহের সেবা সমূহঃ

| ক্রমিক নং | প্রদত্ত সেবা | সেবা প্রদানের পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিবরণ |
|---|---|---|---|---|
| ১. | কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন ও উপ-আইন সংশোধন সংক্রান্ত সেবা | উপজেলা/মেট্রোঃ থানা সমবায় কর্মকর্তা এবং সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তার সুপারিশসহ কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধনের আবেদন অত্র কার্যালয়ে প্রাপ্ত হওয়ার পর তা সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক যাচাই বাছাই আন্তে প্রয়োজনীয় মন্তব্যসহ যুগ্ম-নিবন্ধক বরাবর উপস্থাপন করা হয়। উপস্থাপনের পর ত্রুটি বিচ্যুতি কিংবা আইন ও বিধির সাথে অসংগতি পাওয়া গেলে তা সংশোধন করতঃ পুণঃ পেশের জন্য সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসারকে পত্র দেয়া হয়। আবেদনটি সঠিক পাওয়া গেলে যুগ্ম-নিবন্ধক কর্তৃক অনুমোদিত হওয়ার পর সংশ্লিষ্ট সমিতি এবং সংশ্লিষ্ট দপ্তর সমূহকে নিবন্ধন সনদ এবং অবগতিপত্র প্রদান করা হয়। একই রুপ, একই উদ্দেশ্যে গঠিত অনূন্য দশটি প্রাথমিক সমবায় সমিতির সমন্বয়ে কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়। সমবায় সমিতি নিবন্ধনের সময় সমবায় সমিতি পরিচালনার সুনিদিষ্ট বিধানবলী সমন্বিত উপ-আইন নিবন্ধন করা হয় এবং পরবর্তীতে প্রয়োজনবোধে উপ-আইনের সংশোধনী নিবন্ধন করা হয়। কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন ফি ১০০০ টাকা। কেন্দ্রীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে এক লক্ষ টাকা পরিশোধিত শেয়ার মূলধন থাকতে হয়। | যুগ্ম-নিবন্ধক কার্যালয়ে কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন আবেদন প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে নিবন্ধন প্রদান করা হয় অথবা ত্রুটি বিচ্যুতি বা অসংগতি পাওয়া গেলে ৩০(ত্রিশ) দিনের মধ্যে সংশোধনের জন্য সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়। | নিবন্ধন সংক্রান্ত আবেদনগুলো নির্ধারিত সময় সীমার মধ্যে নিস্পন্ন করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/ কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ২. | কেন্দ্রীয় সমবায় সমিতির ব্যবস্থাপনা সংক্রান্ত সেবা | সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিকভাবে নির্বাচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। কোন সমবায় সমিতি নির্বাচন করতে ব্যর্থ হলে যুগ্ম-নিবন্ধক আইনের আওতায় অন্তবর্তী কমিটি নিয়োগ করেন। সমিতিতে সংগঠিত যে কোন অনিয়ম যুগ্ম-নিবন্ধক পরিদর্শন কিংবা তদন্তের মাধ্যমে নিস্পত্তি করেন। কেন্দ্রীয় সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে যুগ্ম-নিবন্ধক সমিতিকে অবসায়ন করতে পারেন। আবার সদস্যদের আগ্রহের কারণে অবসায়ন আদেশ প্রত্যাহার করতে পারেন। | অফিসে আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ১০(দশ) দিনের মধ্যে নিস্পন্ন করা হয়। | সমবায় সমিতির ব্যবস্থপনা সংক্রান্ত আবেদনগুলো নির্ধারিত সময় সীমার মধ্যে নিস্পন্ন করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/ কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ৩. | কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট সংক্রান্ত সেবা | প্রচলিত সমবায় সমিতি আইন ও বিধিমালার আলোকে কেন্দ্রীয় সমবায় সমিতি গুলোর অডিট বরাদ্দ প্রদান করেন সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা। কিন্তু বিভাগাধীন সকল কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট সম্পাদন এবং অডিট সংক্রান্ত দায়-দায়িত্ব (Responsibility) নিবন্ধক কর্তৃক অর্পিত ক্ষমতা অনুযায়ী বিভাগীয় যুগ্ম-নিবন্ধকের উপর ন্যাস্ত। তাই কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট সম্পাদনের বিষয়ে এবং এ সংক্রান্ত পরবর্তী পদক্ষেপের বিষয়ে সকল তদারকী অত্র কার্যালয় হতে পরিচালিত হয়। অডিট সম্পাদনের পর অডিট নোট সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় সমিতিতে এবং অত্র কার্যালয়ে সরবরাহ করা হয়ে থাকে। অত্র কার্যালয়ে বিভাগাধীন সকল কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট নোট যথাযথভাবে সংরক্ষিত হয়। কেন্দ্রীয় সমবায় সমিতি সমূহে এবং এর সমবায়ীগণ অডিট সংক্রান্ত সেবা অত্র কার্যালয়ের মাধ্যমেই পেয়ে থাকেন। | সমবায় সমিতি আইন ও বিধির আলোকে কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে অডিট বর্ষ শুরু হওয়ার ৬(ছয়) মাসের মধ্যে তথ্য ১লা জুলাই হতে ৩১শে ডিসেম্বরের মধ্যে অডিট সম্পন্ন হয় এবং পরবর্তী ০১(এক) মাসের মধ্যে অডিট নোট সংশ্লিষ্ট সমিতি ও দপ্তর সমূহে সরবরাহ করা হয়। | অডিট সম্পাদনের দায়িত্ব প্রাপ্ত কর্মচারী/ কর্মকর্তা নির্ধারিত সময়সীমার মধ্যে অডিট সম্পাদনে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/ কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |

| ক্রমিক নং | প্রদত্ত সেবা | সেবা প্রদানের পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিবরণ |
|---|---|---|---|---|
| ৪. | ডিসপুট ও আপীল মামলা সংক্রান্ত সেবা | বিভাগাধীন সকল কেন্দ্রীয় সমবায় সমিতি সংক্রান্ত ডিসপুট মামলা এবং সকল প্রাথমিক সমবায় সমিতির ডিসপুট পরবর্তী আপীল মামলা সংক্রান্ত সেবা প্রার্থীগণ অত্র কার্যালয়ের উপ-নিবন্ধক(বিচার) বরাবর মামলা দায়েরের মাধ্যমে আইন ও বিধির আলোকে প্রয়োজনীয় প্রতিকার পেতে পারেন। নির্ধারিত পদ্ধতিতে মামলা দায়েরের পর উপ-নিবন্ধক(বিচার) এর নিকট তা উপস্থপিত হয়। উপস্থাপনের পর প্রয়োজনীয় শুনানী আন্তে সমবায় সমিতি আইন ও বিধি অনুযায়ী উপ-নিবন্ধক(বিচার) রায় প্রদান করেন, যা সংশ্লিষ্ট পক্ষ সমূহকে অবহিত করা হয়। | ডিসপুট মামলার ক্ষেত্রে মামলা দায়েরের ০২(দুই) মাসের মধ্যে এবং আপীল মামলার ক্ষেত্রে মামলা দায়েরের ০৩(তিন) মাসের মধ্যে রায় প্রদান করা হয়। তবে সমবায় সমিতি আইন ও বিধির আলোকে উপ-নিবন্ধক(বিচার) ডিসপুট মামলার ক্ষেত্রে নিবন্ধকের নিকট থেকে সম্মতি গ্রহণ পূর্বক রায় প্রদানের সময়সীমা অতিরিক্ত ৬০(ষাট) দিন বর্ধিত করতে পারেন। | ডিসপুট মামলা ও আপীল মামলা সংক্রান্ত বিষয়ে আবেদনগুলো নির্ধারিত সময়সীমার মধ্যে নিস্পন্ন করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ৫. | কেন্দ্রীয় সমবায় সমিতির প্রকল্প সংক্রান্ত সেবা | কেন্দ্রীয় সমবায় সমিতিকে ভিত্তি করে কোন স্থানীয় প্রকল্প গ্রহণে আগ্রহীগণ প্রকল্প সারপত্র প্রণয়ন, প্রকল্প অনুমোদন প্রক্রিয়া, প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম ইত্যাদি বিষয়ক কোন পরামর্শ পেতে চাইলে অত্র কার্যালয় হতে সহযোগিতা প্রদান করা হয়। এক্ষেত্রে আগ্রহীগণ পরামর্শ পাওয়ার জন্য আবেদন করলে যুগ্ম-নিবন্ধক একজন কর্মকর্তাকে উল্লিখিত পরামর্শ প্রদানের দায়িত্ব প্রদান করেন এবং দায়ীত্ব প্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট আবেদনকারীকে এ ব্যাপারে সহযোগীতা প্রদান করেন। | কেন্দ্রীয় সমবায় সমিতির প্রকল্প সংক্রান্ত সেবা আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ১৫(পনের) দিনের মধ্যে প্রদান করা হয়। | প্রকল্প সংক্রান্ত সেবা নির্ধারিত সময়সীমার মধ্যে প্রদান করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/ কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ৬. | অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত সেবা | কেন্দ্রীয় সমবায় সমিতিতে সংগঠিত কোন অনিয়ম হলে যুগ্ম-নিবন্ধক আইন ও বিধির আওতায় তদন্ত, পরিদর্শন ও যাচাইয়ের মাধ্যমে নিস্পত্তি করেন। | আইন ও বিধির আলোকে নির্ধারিত সময়সীমার মধ্যে নিস্পত্তি করা হয়। | নির্ধারিত সময়সীমার মধ্যে নিস্পন্ন করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ৭. | কেন্দ্রীয় সমবায় সমিতির অবসায়ন সংক্রান্ত সেবা | কেন্দ্রীয় সমবায় সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে যুগ্ম-নিবন্ধক সমিতিকে অবসায়নে ন্যাস্ত করতে পারেন। আবার সদস্যদের আগ্রহের কারণে অবসায়ন আদেশ প্রত্যাহার করতে পারেন। | অবসায়ন আদেশের তারিখ হতে ০১(এক) বছরের মধ্যে নিস্পত্তি করা হয়। | কেন্দ্রীয় সমবায় সমিতির অবসায়ন সংক্রান্ত আবেদনগুলো নির্ধারিত সময় সীমার মধ্যে নিস্পন্ন করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/ কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ৮. | প্রশিক্ষণ সংক্রান্ত সেবা | কুমিল্লা শহরের উপকন্ঠে কোটবাড়ীতে অবস্থিত দেশে শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমী এবং ফরিদপুর, মুক্তাগাছা ও ময়নসিংহ আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনষ্টিটিউটে সমবায় সমিতি সদস্যদের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়। প্রতিটি জেলা কার্যালয়ে অবস্থিত ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট সমিতিতে গিয়ে সদস্য প্রশিক্ষণ দিয়ে থাকে। সমবায় অধিদপ্তরের ঢাকাস্থ সদর কার্যালয় ও বাংলাদেশ সমবায় একাডেমীতে অবস্থিত ২টি অত্যাধুনিক কম্পিউটার ল্যাব এর মাধ্যমে সদস্য ও সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের আধুনিত তথ্য প্রযুক্তিগত প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে। | বাংলাদেশ সমবায় একাডেমী এবং ফরিদপুর, মুক্তাগাছা ও ময়নসিংহ আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনষ্টিটিউট কর্তৃক বর্ষপুঞ্জি অনুযায়ী নির্ধারিত সময় সীমা অনুযায়ী। | বিধি মোতাবেক |

## কর্মকর্তা/কর্মচারীদের জন্য বা প্রশাসনিক সেবা সমূহঃ

| ক্রমিক নং | প্রদত্ত সেবা | সেবা প্রদানের পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিবরণ |
|---|---|---|---|---|
| ১. | পেনশন সংক্রান্ত | উপজেলা/জেলা/বিভাগীয় সমবায় কার্যালয় থেকে ৩য় শ্রেনীর কর্মচারীদের পেনশন সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট সকল কাগজ পত্র পরিক্ষা নিরীক্ষা শেষে অত্র কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরীত হয়। আবেদন প্রাপ্তির পর তা সংশ্লিষ্ট নথির মাধ্যমে যুগ্ম-নিবন্ধকের নিকট অনুমোদনের জন্য উত্থাপিত হয় এবং যথাযথভাবে নিস্পন্ন হয়ে প্রয়োজনীয় আদেশ জারী করা হয়। এছাড়া ১ম ও ২য় শ্রেনীর আবেদনগুলো সুস্পষ্ট মন্তব্যসহ উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়। এ সংক্রান্ত রেজিষ্টার হালনাগাদ করে সংরক্ষণ করা হয়। | অফিসে আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ০৩(তিন) দিনের মধ্যে নিস্পন্ন করা হয়। | পেনশন সংক্রান্ত আবেদনগুলো নির্ধারিত সময়সীমার নিস্পন্ন করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ২. | সাধারণ অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি, প্রসুতি ছুটি | উপজেলা/জেলা/বিভাগীয় সমবায় কার্যালয়ে কর্মরত থেকে ৩য় শ্রেনীর কর্মচারীদের সাধারণ অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও প্রসুতি ছুটির আবেদনগুলো সংশ্লিষ্ট অফিস প্রদানের সুপারিশসহ অত্র কার্যালয়ে প্রাপ্তির পর তা সংশ্লিষ্ট নথির মাধ্যমে যুগ্ম-নিবন্ধকের বরাবর উপস্থাপিত হয়। ছুটি মঞ্জুরের সিদ্ধান্ত গ্রহণের পর তা আবেদনকারীকে এবং সংশ্লিষ্ট দপ্তর সমূহকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়। এ সংক্রান্ত রেজিষ্টার হালনাগাদ করে সংরক্ষণ করা হয়। | অফিসে আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ০৩(তিন) দিনের মধ্যে নিস্পন্ন করা হয়। | ছুটি সংক্রান্ত আবেদনগুলো নির্ধারিত সময়সীমার মধ্যে নিস্পন্ন করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/ কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ৩. | দক্ষতা সীমা সংক্রান্ত | বিভাগাধীন সকল ২য় ও ৩য় শ্রেনীর কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতা সীমা অতিক্রম সংক্রান্ত আবেদন সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশসহ অত্র কার্যালয়ে প্রাপ্তির পর তা নথিতে উপস্থাপিত হয় এবং সংশ্লিষ্ট দক্ষতা সীমা অতিক্রম সংক্রান্ত কমিটির কাছে পেশ করা হয়। কমিটির সুপারিশের আলোকে যুগ্ম-নিবন্ধকের নিকট উত্থাপনের পর তা আদেশ আকারে জারী করা হয় এবং আবেদনকারী ও সংশ্লিষ্ট দপ্তর সমূহকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়। এ সংক্রান্ত রেজিষ্টার হালনাগাদ করে সংরক্ষণ করা হয়। | অফিসে আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ১০(দশ) দিনের মধ্যে নিস্পন্ন করা হয়। | দক্ষতা সীমা সংক্রান্ত আবেদন গুলো নির্ধারিত সময়সীমার নিস্পন্ন করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/ কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ৪. | টাইমস্কেল, সিলেকশন গ্রেড, চাকুরী স্থায়ী করণ সংক্রান্ত | টাইমস্কেল ও সিলেকশন গ্রেড এর আবেদন সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশসহ অত্র কার্যালয়ে প্রাপ্তির পর এবং স্থায়ী করণ সংক্রান্ত উপকার ভোগীদের শর্ত পালন সাপেক্ষে তালিকা প্রনয়নের পর তা সংশ্লিষ্ট কমিটির নিকট উপস্থাপিত হয়। কমিটির সুপারিশের আলোকে এ সংক্রান্ত নথির মাধ্যমে অনুমোদনের জন্য যুগ্ম-নিবন্ধক বরাবর উপস্থাপিত করা হয়। যুগ্ম-নিবন্ধক কর্তৃক অনুমোদনের পর তা আবেদনকারী ও সংশ্লিষ্ট দপ্তর সমূহকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়। এ সংক্রান্ত রেজিষ্টার হালনাগাদ করে সংরক্ষণ করা হয়। | অফিসে আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ১৫(পনের) দিনের মধ্যে নিস্পন্ন করা হয়। | টাইমস্কেল, সিলেকশন গ্রেড, চাকুরী স্থায়ী করণ সংক্রান্ত বিষয় গুলো নির্ধারিত সময়সীমার নিস্পন্ন করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/ কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ৫. | উপজেলা সমবায় অফিসের রাজস্ব বাজেট | সমবায় অধিদপ্তর হতে বাজেট বরাদ্দ প্রাপ্তির পর তা সংশ্লিষ্ট নীতিমালা ও চাহিদার আলোকে বিভাগাধীন উপজেলা সমবায় কার্যালয় ও মেট্রোঃ থানা সমবায় কার্যালয়ের অনুকূলে বিভাজন করা হয়। সংশ্লিষ্ট নথি হতে বিভাজনের | সমবায় অধিদপ্তর হতে বাজেট বরাদ্দ প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে | বাজেট সংক্রান্ত বিষয় গুলো নির্ধারিত সময়সীমার মধ্যে নিস্পন্ন করতে ব্যর্থ |

| | | | | |
|---|---|---|---|---|
| | সংক্রান্ত | প্রস্তাব যুগ্ম-নিবন্ধক বরাবর উপস্থাপনের পর তা অনুমোদিত হলে আদেশ আকারে সংশ্লিষ্ট দপ্তর সমূহকে অবহিত করা হয়। এ সংক্রান্ত রেজিষ্টার হালনাগাদ করে সংরক্ষণ করা হয়। | উপজেলা/মেট্রোঃ থানা সমবায় কার্যালয় সমূহের অনুকূলে বিভাজন করা হয়। পরবর্তীতে উপজেলা/মেট্রোঃ থানা সমবায় কার্যালয় সমূহের চাহিদার আলোকে সময়ে সময়ে পুণঃ বিভাজন করা হয়ে থাকে। | হলে দায়ী কর্মচারী/ কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ৬. | অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত সেবা | কোন অভিযোগ থাকলে যুগ্ম-নিবন্ধক অথবা উপ-নিবন্ধক(প্রশাসন) এর নিকট দাখিল করলে তা নিস্পত্তি করা হয়ে থাকে। | অফিসে আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ০৩(তিন) দিনের মধ্যে নিস্পন্ন করা হয়। | অভিযোগ সংক্রান্ত আবেদনগুলো নির্ধারিত সময়সীমার মধ্যে নিস্পন্ন করতে ব্যর্থ হলে দায়ী কর্মচারী/ কর্মকর্তা বিরুদ্ধে বিধি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়। |

# সমিতি সংক্রান্ত তথ্যঃ

১। ঢাকা বিভাগের কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির সংক্ষিপ্ত তথ্য জুন/২২ খ্রিঃ পর্যন্ত

| ক্র: নং | সমিতির প্রকার | সমবায় বিভাগীয় | বি,আর,ডি,বি'র সমর্থন পুষ্ট | মোট |
|---|---|---|---|---|
| ১ | কেন্দ্রীয় সমবায় সমিতি | ১৩১ | ১১৫ | ২৪৬ |
| ২ | প্রাথমিক সমবায় সমিতি | ২০২৭৬ | ১৫৪০৭ | ৩৫৬৮৩ |
| ৩ | বিভাগব্যাপী প্রাথমিক সমবায় সমিতি | ৮৩ | - | ৮৩ |

**২। সমিতির সদস্য সংক্রান্ত তথ্যঃ**

| ক্র: নং | সমিতির প্রকার | সদস্যের ধরন | সমবায় বিভাগীয় | বিআরডিবি ভুক্ত | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | কেন্দ্রীয় সমবায় সমিতি | প্রাথমিক সমিতি | ২৩৮৯৩ | ১৫৫৩৯ | ৩৯৪৩২ |
| ২ | প্রাথমিক সমবায় সমিতি | ব্যক্তি সদস্য | ৩০৩১১৬১ | ৭৬৩২১৫ | ৩৭৯৪৩৭৬ |

**৩। শেয়ার, সঞ্চয় আমানত ও সম্পদ সংক্রান্ত তথ্য(লক্ষ টাকায়):**

| ক্র: নং | সমিতির প্রকার | শেয়ার মুলধন | সঞ্চয় আমানত | ভৌত সম্পদ | বিনিয়োগকৃত আর্থিক সম্পদ | মোট সম্পদ |
|---|---|---|---|---|---|---|
| ১ | কেন্দ্রীয় সমবায় সমিতি | ১৯১২.৩৯ | ৫৭৭৭.৪৩ | ১০২১০.২৭ | ৪৭৩৩.৬৫ | ১৪৯৪৩.৯২ |
| ২ | প্রাথমিক সমবায় সমিতি | ১০১৮৯০.৩৭ | ৪৫৯৫২৯.৬১ | ১২২৩১১.৬৯ | ৫২৭৪২.৩৮ | ১৭৫০৫৪.০৭ |

## ৪। পলাতক সমবায় সমিতির তথ্য (লক্ষটাকায়):

- একাধিক জেলাব্যাপী/বিভাগব্যাপী কর্মএলাকা বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতির তথ্য

| ক্রঃনং | বিভাগের নাম | পলাতক সমিতির সংখ্যা | শেয়ারের পরিমাণ (লক্ষ টাকায়) | আমানতের পরিমাণ (লক্ষ টাকায়) | আত্মসাতের পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | ১০৪ | ২৬২০.৫২ | ১৩৮৮৬০.৯ | ৫৩৮৩৫.৭৩ |

- ঢাকা বিভাগের আওতাধীন জেলাসমূহের প্রাথমিক সমবায় সমিতির তথ্য

| ক্রঃনং | জেলার নাম | পলাতক সমিতির সংখ্যা | শেয়ারের পরিমাণ (লক্ষটাকায়) | আমানতের পরিমাণ (লক্ষটাকায়) | আত্মসাতের পরিমাণ (লক্ষটাকায়) |
|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | ৩৯ | ৯,৪৪.৮৩ | ২৯৪,১৫.৯২ | ১৪৬,৩৩.৩৯ |
| ০২ | গাজীপুর | ৮ | ৬.৯০ | ২৪,১৩.০৪ | ৪,৭৫.৩৭ |
| ০৩ | নারায়নগঞ্জ | ২১ | ২৮.২৭ | ৫৯,৪১.৮৩ | ১৪,৪৩.৯৭ |
| ০৪ | মুন্সিগঞ্জ | ৫ | ১৩.৮০ | ১৫,৩৫.৩৯ | ১৫,৫২.০২ |
| ০৫ | নরসিংদী | - | - | - | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৬ | টাঙ্গাইল | - | - | - | - |
| ০৭ | কিশোরগঞ্জ | - | - | - | - |
| ০৮ | ফরিদপুর | ১ | ০.১৮ | ৯.৩৯ | ৭.৫০ |
| ০৯ | মাদারীপুর | ০ | ০ | ০ | ০ |
| ১০ | শরীয়তপুর | ৩ | ২৪.৭১ | ১২,৬০.৩১ | ৮,৭৬.৭৫ |
| ১১ | গোপালগঞ্জ | - | - | - | - |
| ১২ | মানিকগঞ্জ | ১ | ০.২৪ | ৪.২২ | ৪.৪৫ |
| ১৩ | রাজবাড়ী | - | - | - | - |
| মোট | | ৭৮ | ১০,১৮.৯৩ | ৪০৫,৮০.১ | ১৮৯,৯৩.৪৫ |

## ৫। ঝুকিঁপূর্ণ প্রাথমিক সমবায় সমিতি সংক্রান্ত তথ্যঃ

| ক্র: নং | জেলার নাম | ঝুঁকিপূর্ণ সমিতির সংখ্যা | আমানতের পরিমাণ (লক্ষটাকায়) |
|---|---|---|---|
| ০১ | ঢাকা | ২৬১ | ৬৭৭১৫.৬৫ |
| ০২ | গাজীপুর | ৩০ | ১৬৭৯২.১১ |
| ০৩ | নারায়নগঞ্জ | ২১ | ৮৭.৭১ |
| ০৪ | মুন্সিগঞ্জ | ৬ | ১৩১.০২ |
| ০৫ | নরসিংদী | ০ | ০ |
| ০৬ | টাঙ্গাইল | ৩৮ | ১৬৪৯.০২ |
| ০৭ | কিশোরগঞ্জ | ০ | ০ |
| ০৮ | ফরিদপুর | ৬ | ৬৭৯.১২ |
| ০৯ | মাদারীপুর | ৩ | ১৬৫৪.৪৯ |
| ১০ | শরীয়তপুর | ৩ | ৪৪৫.৫০ |
| ১১ | গোপালগঞ্জ | ০ | ০ |
| ১২ | মানিকগঞ্জ | ০ | ০ |
| ১৩ | রাজবাড়ী | ০ | ০ |
| মোট | | ৩৬৮ | ৮৯৯.৪৪ |

## ৬। কর্মসংস্থান সংক্রান্ত তথ্যঃ

| ক্র: নং | সমিতির প্রকার | সরাসরি সমিতিতে কর্মরত | | | সমিতির মাধ্যমে আত্ম-কর্মসংস্থান | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট |
| ১ | **কেন্দ্রীয় সমবায় সমিতি** | ৭৮৬ | ২৮২ | ১০৬৮ | ১৩৯৪২ | ৪৪৪৯ | ১৮৩৯১ |
| ২ | **প্রাথমিক সমবায় সমিতি** | ২৯৯৯৯ | ৮২৬৬ | ৩৮২৬৫ | ২৬৪৪৭৪ | ১১২৫৬৩ | ৩৭৭০৩৭ |
| | **মোট** | ৩০৭৮৫ | ৮৫৪৮ | ৩৯৩৩৩ | ২৭৮৪১৬ | ১১৭০১২ | ৩৯৫৪২৮ |

## ৭। ভ্রাম্যমাণ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যঃ

| কোর্সের সংখ্যা | প্রশিক্ষণে অংশ গ্রহণকারী সমবায়ীর সংখ্যা |
|---|---|
| ৫৬১টি | ১৪০৫০ জন |

**৮। অডিট অগ্রগতি সংক্রান্ত তথ্যঃ**

| ক্র: নং | সমিতির প্রকার | অডিটযোগ্য সমিতি (জুলাই/২১ হইতে জুন/২২খ্রিঃ) | | অডিট সম্পাদন (জুলাই/২১ হইতে জুন/২২খ্রিঃ) | | অডিট সম্পাদনের শতকরা হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | বিভাগীয় | বিআরডিবি | বিভাগীয় | বিআরডিবি | বিভাগীয় | বিআরডিবি |
| ১ | **কেন্দ্রীয় সমবায় সমিতি** | ১১৯ | ১১৫ | ১১৯ | ১১৫ | ১০০% | ১০০% |
| ২ | **প্রাথমিক সমবায় সমিতি** | ১৫৬৭৩ | ১৩২০৩ | ১৫৫৯২ | ৪৭৫৩ | ৯৯.৪৮% | ৩৬% |

**৯। অডিট ফি সংক্রান্ত তথ্যঃ**

- কেন্দ্রীয় সমবায় সমিতি

| ধার্য | | আদায় | | মওকুফ | | অনাদায়ী | | আদায়ের শতকরা হার | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সাধারণ | বিআরডিবি | সাধারণ | পউবো | সাধারণ | পউবো | সাধারণ | পউবো | সাধারণ | পউবো |
| ৪,৮১,৫৮০/- | ৫,৮০,৭৯০/- | ৪,৮১,৫৮০/- | ৫,৭১,৩০০/- | - | - | -- | ৯,৪৯০/- | **১০০%** | **৯৯%** |

- প্রাথমিক সমবায় সমিতি

| ধার্য | | আদায় | | মওকুফ | | অনাদায়ী | | আদায়ের শতকরা হার | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **সাধারণ** | **পউবো** | **সাধারণ** | **পউবো** | **সাধারণ** | **পউবো** | **সাধারণ** | **পউবো** | **সাধারণ** | **পউবো** |
| **৬০,৯৭,২৭২/-** | **০** | **৫৬,৯৯,৬৪৪/-** | **০** | **০** | **০** | **৩,৯৭,৬২২৮/-** | **০** | **৯৪%** | |

উলেস্নখ্য, বিআরডিবিভুক্ত প্রাথমিক সমবায় সমিতির অডিট বিআরডিবি কর্তৃক সম্পাদন করা হয়।

**১০। সমিতির নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণের তথ্যঃ**

| সমিতির নিজস্ব তহবিলের পরিমাণ (ক্রমপুঞ্জিভূত) (লক্ষটাকায়) | বিতরণকৃত ঋণের পরিমাণ(ক্রমপুঞ্জিভূত) (লক্ষটাকায়) | আদায়কৃত ঋণের পরিমাণ(ক্রমপুঞ্জিভূত) (লক্ষটাকায়) | আদায়ের শতকরা হার |
|---|---|---|---|
| ২৭৯৮৭৫.১৪ | ৫৬৪৮৪৫.৮৪ | ৪৯৫৩১৯.৮৭ | ৮৭.৬৯% |

**১১। সমিতির লভ্যাংশ বন্টনঃ**

সমবায় সমিতির বার্ষিক নীট লাভ সদস্যেদের মধ্যে বিতরণ করা হয়। ঢাকা বিভাগের ১৩টি জেলার মোট ৭৯৩টি সমবায় সমিতি ৯৮,৪২৯ জন সদস্যদের মধ্যে ৬,২৫,০৮,৪৮০/-টাকা লভ্যাংশ বিতরণ করা হয়েছে।

## ১২। সমবায় সমিতি হতে রাজস্ব আদায় সংক্রান্ত তথ্য

সমবায় সমিতি সমুহে বাৎসরিক নীট মুনাফার উপর নির্ধারিত হারে(১০%) অডিট ফি নির্ধারন করা হয়। আদায়কৃত অডিট ফি সরকারের রাজস্ব খাতে প্রদান করা হয়। অন্যদিকে সকল সমবায় সমিতির অর্জিত নীট মুনাফার ৩% অর্থ দ্বারা সমবায় উন্নয়ন তহবিল গঠন করা হয় এবং সমবায় সমিতির সদস্যদের শিক্ষামূলক কার্যক্রম, প্রচারণা, প্রকাশনা, সম্প্রসারণ, গবেষণা, প্রশিক্ষণ, সমবায় বিষয়ক সেমিনার, ওয়ার্কশপ, জাতীয় ও আমর্ত্মজাতিক সভা অনুষ্ঠান, দিবস পালন এবং সমবায়ের সার্বিক উন্নয়ন মূলক কার্যক্রমে উহা ব্যবহৃত হয়।

ঢাকা বিভাগের  বিভিন্ন জেলায় জুন/২০২২ খ্রিঃ মাস পর্যন্ত সমবায় উন্নয়ন তহবিল আদায় সংক্রান্ত তথ্য  (কেন্দ্রীয়)

| বিভাগের নাম | আদায়যোগ্য | | আদায়কৃত | | আদায়ের হার | |
|---|---|---|---|---|---|---|
| | সাধারণ | বিআরডিবি | সাধারণ | বিআরডিবি | সাধারণ | বিআরডিবি |
| ঢাকা | ৬,২৪,০৮৯/- | ৩,০১,০৬২/- | ৬,১০,০৬৬/- | ২,৮৬,২৭৬/- | ৯৮% | ৯৫% |

ঢাকা বিভাগের  বিভিন্ন জেলায় জুন/২০২২ খ্রিঃ মাস পর্যন্ত সমবায় উন্নয়ন তহবিল আদায় অগ্রগতি সংক্রান্ত তথ্য  (প্রাথমিক)

| বিভাগের নাম | আদায়যোগ্য | | আদায়কৃত | | আদায়ের হার | |
|---|---|---|---|---|---|---|
| | সাধারণ | বিআরডিবি | সাধারণ | বিআরডিবি | সাধারণ | বিআরডিবি |
| ঢাকা | ১,৪৩,০৫,৩২১/- | - | ১,৩৯,৫৭,৯০৮/- | ০/- | ৯৮% | ০% |

## ১৩। মামলা সংক্রান্ত তথ্যঃ (জুলাই/২১ হতে জুন/২২ খ্রিঃ পর্যন্ত)

- বিভাগীয় সমবায় কার্যালয়ের মামলাসমূহঃ

| কর্তৃপক্ষ | মামলার সংখ্যা | | নিষ্পত্তির সংখ্যা | |
|---|---|---|---|---|
| | বিরোধ | আপিল | বিরোধ | আপিল |
| উপ-নিবন্ধক(বিচার) | ৩ | ৩২ | ৩ | ৩২ |
| যুগ্ম নিবন্ধক | ০ | ১১ | ০ | ১১ |

- বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহঃ

| ক্র: নং | মামলার ধরণ | আদালতের নাম | মোট মামলা | নিষ্পন্ন মামলা | অনিষ্পন্ন মামলা |
|---|---|---|---|---|---|
| ১ | রীট মামলা | মহামান্য সুপ্রীম কোর্ট | ১১৯ | ০ | ১১৯ |
| ২ | অন্যান্য মামলা | জেলা পর্যায়ের আদালত | ৬২ | ০ | ৬২ |

<u>ঢাকা বিভাগাধীন ১৩(তের) জেলার সমিতির (ক্রমপুঞ্জিভূত) সংখ্যা</u>

| ক্রমিক নং | জেলার নাম | কেন্দ্রীয় | | | প্রাথমিক | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | পউব | মোট | সাধারণ | পউব | মোট | |
| ১ | ঢাকা | ২৬ | ৯ | ৩৫ | ৫৪৯৮ | ১২৪৬ | ৬৭৪৪ | |
| ২ | নারায়ণগঞ্জ | ৯ | ৮ | ১৭ | ১৩৭২ | ১০৭৪ | ২৪৪৬ | |
| ৩ | নরসিংদী | ১৩ | ১২ | ২৫ | ১১২০ | ১১৫৫ | ২২৭৫ | |
| ৪ | গাজীপুর | ৮ | ৬ | ১৪ | ২৪৪৩ | ১২৪১ | ৩৬৮৪ | |
| ৫ | মুন্সিগঞ্জ | ৯ | ১২ | ২১ | ৪৭৮ | ১৪২৮ | ১৯০৬ | |
| ৬ | মানিকগঞ্জ | ৮ | ৭ | ১৫ | ১৩২৫ | ৮৯৭ | ২২২২ | |
| ৭ | কিশোরগঞ্জ | ১৫ | ১৬ | ৩১ | ১৯০৩ | ২১২৫ | ৪০২৮ | |
| ৮ | টাঙ্গাইল | ১২ | ১৪ | ২৬ | ২০৭৩ | ২৬৫৭ | ৪৭৩০ | |
| ৯ | ফরিদপুর | ৬ | ৯ | ১৫ | ১১২৮ | ৮২৫ | ১৯৫৩ | |
| ১০ | মাদারীপুর | ৬ | ৪ | ১০ | ৫৯৬ | ৬৫২ | ১২৪৮ | |
| ১১ | শরীয়তপুর | ২ | ৬ | ৮ | ৩০৭ | ৭৬২ | ১০৬৯ | |
| ১২ | রাজবাড়ী | ৫ | ৫ | ১০ | ৫৯৬ | ৫২৮ | ১১২৪ | |
| ১৩ | গোপালগঞ্জ | ১২ | ৭ | ১৯ | ১৪৩৭ | ৮১৭ | ২২৫৪ | |
| | মোট | ১৩১ | ১১৫ | ২৪৬ | ২০২৭৬ | ১৫৪০৭ | ৩৫৬৮৩ | |

# ঢাকা বিভাগের আওতাধীন প্রকল্পসমূহঃ

১. আশ্রয়ণ/ আশ্রয়ণ(ফেইজ-২)/আশ্রয়ণ-২ প্রকল্প সমবায় সমিতির তথ্য

| | |
|---|---|
| মোট আওতাভূক্ত জেলার সংখ্যা | = ১৩ |
| মোট আওতাভূক্ত উপজেলার সংখ্যা | = ৮৮ |
| মোট প্রকল্প সংখ্যা | = ১১৯ |

ঋণ কার্যক্রম সংক্রান্ত তথ্য

| | আশ্রয়ণ | আশ্রয়ণ(ফেইজ-২) | আশ্রয়ণ-২ | মোট |
|---|---|---|---|---|
| মোট ব্যারাক সংখ্যা | ২০৯ | ৪৮৬ | ৪২২ | ১১১৭ |
| পূণর্বাসিত পরিবারের সংখ্যা | ২০৯০ | ৪২৮৫ | ২৩৪১ | ৮৭১৬ |
| পুঞ্জিভূত ঋণ দাদন(জুন/২২ খ্রিঃ পর্যন্ত) | ৫,৮৮,৪৩,৩০০/- | ৫,৮৮,৯৯,২৪৫/- | ৩,৭০,৪৩,৪১৮/- | ১৫,৪৭,৮৫,৯৬৩/- |
| আসল আদায়ের পরিমাণ (জুন/২২ খ্রিঃ পর্যন্ত) | ৪,৪২,০৬,৫০৬/- | ৪,১৮,৩৮,২৭৯/- | ২,০৮,৮৯,৭১৫/- | ১০,৬৯,৩৪,৫০০/- |
| আদায়ের হার | ৭৫% | ৭১% | ৫৬% | ৬৯% |

## ২. পানি ব্যবস্থাপনা প্রকল্প সংক্রান্ত তথ্য

ঢাকা বিভাগের ১৩টি জেলার ৮৮টি উপজেলায় ২৩১টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিত ও নিবন্ধন করা হয়েছে ফেব্রুয়ারি অত্র প্রকল্পের বাস্তবায়নাধীন কর্তৃপক্ষ এলজিইডি এ প্রকল্পের মাধ্যমে পানি সংরক্ষনের মাধ্যমে সেচের ব্যবস্থা করা হয়। এর ফলে কৃষি উৎপাদন বৃদ্ধি পাচ্ছে।

## ৩. গারো সম্প্রদায়ের জীবন মান উন্নয়ন সংক্রান্ত প্রকল্প

ঢাকা বিভাগের টাঙ্গাইল জেলায় এই প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে।

| ক্রমিক নং | জেলার নাম | উপকার ভোগীর সংখ্যা | | ঋণ বিতরণ (ক্রমপুঞ্জিভূত) | আদায় (ক্রমপুঞ্জিভূত) | অনাদায়ী (ক্রমপুঞ্জিভূত) | আদায়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | | | | |
| ০১ | টাঙ্গাইল | ৬৫ | ৩৭৫ | ২৯২.৮০ | ২১৬.১১ | ৭৬.৬৯ | ৭৪% |

## ৪. ফ্যামিলি ওয়েল ফেয়ার সংক্রান্ত প্রকল্প

ঢাকা বিভাগের ০৫টি জেলায় এই প্রকল্পের কার্যক্রম বাসত্মবায়নাধীন রয়েছে। জেলাগুলো হলো- নারায়ণগঞ্জ, গাজীপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ ও ফরিদপুর।

| ক্রমিক নং | জেলার নাম | উপকার ভোগীর সংখ্যা | | ঋণ বিতরণ (ক্রমপুঞ্জিভূত) | আদায় (ক্রমপুঞ্জিভূত) | অনাদায়ী (ক্রমপুঞ্জিভূত) | আদায়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|---|
| | | পুরম্নষ | মহিলা | | | | |
| ০১ | নারায়ণগঞ্জ | ০২ | ০৭ | ০.৪৫ | ০.৪৫ | - | ১০০% |
| ০২ | গাজীপুর | ০৮ | ১৯ | ২.৫৫ | ২.৪৩ | ০.১২ | ৯৫% |
| ০৩ | টাঙ্গাইল | ০৫ | ০২ | ০.৩৫ | ০.৩৫ | - | ১০০% |
| ০৪ | কিশোরগঞ্জ | ২০ | ১৫ | ৪.৫০ | ৩.২৮ | ১.২২ | ৭৩% |
| ০৫ | ফরিদপুর | ০৪ | ১০ | ০.৭০ | ০.৬৯ | ০.০১ | ৯৯% |
| মোট | | ৩৯ | ৫৩ | ৮.৫৫ | ৭.২০ | ১.৩৫ | ৮৪% |

## ৫. সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ সংক্রান্ত প্রকল্প

ঢাকা বিভাগের ০৬টি জেলায় এই প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। জেলাগুলো হলো- নারায়ণগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, মাদারীপুর ও ফরিদপুর।

| ক্রমিক নং | জেলার নাম | উপকার ভোগীর সংখ্যা | | ঋণ বিতরণ (ক্রমপুঞ্জিভূত) | আদায় (ক্রমপুঞ্জিভূত) | অনাদায়ী (ক্রমপুঞ্জিভূত) | আদায়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|---|
| | | পুরম্নষ | মহিলা | | | | |
| ০১ | নারায়ণগঞ্জ | ০২ | ০২ | ০.৬০ | ০.৬০ | - | ১০০% |
| ০২ | নরসিংদী | ০২ | ০২ | ০.৬০ | ০.৬০ | - | ১০০% |
| ০৩ | মানিকগঞ্জ | - | ০৩ | ০.৩০ | ০.৩০ | - | ১০০% |
| ০৪ | কিশোরগঞ্জ | ০২ | ১৪ | ২.৪০ | ২.৪০ | - | ১০০% |
| ০৫ | মাদারীপুর | - | ১৫ | ১.১৫ | ০.৬২ | ০.৫৩ | ৫৩.৯১% |
| ০৬ | ফরিদপুর | ০৪ | ১১ | ২.১৬ | ১.৪৭ | ০.৫৩ | ৬৮% |
| মোট | | ১০ | ৪৭ | ৭.২১ | ৫.৯৯ | ১.২২ | ৮৩% |

## ৬. দুগ্ধ নিশ্চিতকরণ প্রকল্প সংক্রান্ত তথ্য

ঢাকা বিভাগের ০২টি জেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। জেলাগুলো হলো- টাঙ্গাইল, গাজীপুর।

| ক্রমিক নং | জেলার নাম | উপকার ভোগীর সংখ্যা | | ঋণ বিতরণ (ক্রমপুঞ্জিভূত) | ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত) | আদায়ের শতকরা হার(%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | | | | |
| ০১ | টাঙ্গাইল | ৭৬৯ | ২৪৪ | ২৬৪৮৬.৫০ | ১৭১০.৩২ | ৬৮% | |
| ০২ | গাজীপুর | ১৯৩ | ৭৩ | ৫৮৯.০০ | ৩৪৬.৮২ | ৫৯% | |
| মোট | | | | ৩২৭৫.৫০ | ২০৫৭.১৪ | ৬৭% | |

## ৭. উন্নতজাতের গাভী পালনের মাধ্যমে সবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্য

ঢাকা বিভাগের ০৩টি জেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। জেলাগুলো হলো- গোপালগঞ্জ, ফরিদপুর,রাজবাড়ী।

| ক্রমিক নং | জেলার নাম | উপকার ভোগীর সংখ্যা | | ঋণ বিতরণ (ক্রমপুঞ্জিভূত) | ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত) | আদায়ের শতকরা হার(%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | | | | |
| ০১ | গোপালগঞ্জ | | ৮১৭ | ১২১২.০০ | ৬২৬.৩৯ | ৬৯.২৫% | |
| ০২ | ফরিদপুর | | ৪০০ | ৬৫১.০০ | ৩৪২.৯৬ | ৭১.২৯% | |
| ০৩ | রাজবাড়ী | | ২০০ | ৩৩০.০০ | ১৮৬.৪১ | ৮২.১৩% | |
| মোট | | | ১৪১৭ | ২১৯৩.০০ | ১১৫৫.৭৬ | ৭১.৮০% | |

## ৭. বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হতে ঋণ বিতরণঃ

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হতে গাভী পালন, মৎস্য চাষ, কলা চাষ, তরমুজ চাষ, কবুতর পালন, হস্ত শিল্প, ক্ষুদ্র ব্যবসা ইত্যাদি প্রকল্পে মোট ১০৮ (একশত আট) টি সমবায় সমিতিতে ১৩,১২,৯০,০০০/- টাকা ঋণ মঞ্জুর/প্রদান করা হয়েছে।